

পরিশিষ্ট-ত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
আজিমপুর, ঢাকা।

স্মারক নং: পপঅ/প্রোক-৯৭/১২৯৩(অংশ-১)/৩৩৫৭

তারিখ: ০৪-০৯-৯৭ ইং

## সার্কুলার

**বিষয়: গর্ভনিরোধক দ্রব্যসামগ্রীর অপচয় (Contraceptive System Loss in Bangladesh) রোধ প্রসঙ্গে।**

বাংলাদেশ পরিবার পরিকল্পনা কর্মসূচিতে ব্যবহৃত/প্রচলিত বিভিন্ন গর্ভনিরোধক দ্রব্যসামগ্রীর উপর পরিচালিত এক সমীক্ষায় দেখা যায় যে, গর্ভনিরোধক সামগ্রীর অপচয় (System Loss) বিশেষ করিয়া কনডমের অপচয় অধিক মাত্রায় বৃদ্ধি পাইয়াছে। প্রতি সিওয়াইপি (CYP) এর জন্য কনডমের ক্ষেত্রে ১৫০ পিস কনডম এবং বড়ির ক্ষেত্রে ১৪ সাইকেল বড়ি প্রয়োজন রহিয়াছে বলিয়া আন্তর্জাতিকভাবে স্বীকৃত। অথচ আমাদের কর্মসূচিতে এই দুইটি ক্ষেত্রে যথাক্রমে ২৫৬ পিস কনডম এবং ১৭ সাইকেল বড়ি (Pill) বন্টন করা হইতেছে। বিভিন্ন ফোরামে দাতা সংস্থাসমূহ এই বিষয়ে উদ্বেগ প্রকাশ করিয়াছে এবং এই অপচয় রোধকল্পে জরুরী ব্যবস্থা গ্রহণ করা না হইলে কোনো কোনো দাতা সংস্থা গর্ভনিরোধক সামগ্রী সংগ্রহ করার ব্যাপারে আর্থিক সাহায্য প্রদানে অনীহা ব্যক্ত করিয়াছে। বস্তুত পরিবার পরিকল্পনা কর্মসূচির মতো বৈদেশিক সাহায্যপুষ্ট কার্যক্রমে এই অপচয় কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। এই অপচয় রোধকল্পে এখন হইতে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গৃহীত হইয়াছে:

- ক. মাঠ হইতে জাতীয় পর্যায়ে পর্যন্ত সর্বস্তরের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে গর্ভনিরোধক সামগ্রীর বিপুল অপচয় এবং ইহার প্রতিরোধ সম্পর্কে সচেতন করিয়া তুলিতে হইবে।
  - খ. পণ্যাগার হইতে থানা ও মাঠ পর্যায়ে প্রেরিত ও বিতরণকৃত গর্ভনিরোধক দ্রব্যসামগ্রীর রেকর্ডপত্র পরীক্ষাপূর্বক বিতরণ ও গ্রহিতার আনুপাতিক হার ও তদসম্পর্কীয় কোনো অসামঞ্জস্যতা পরিলক্ষিত হইলে তদারকি কর্মকর্তাগণ তাহাদের প্রতিবেদনে উহা অবশ্যই উল্লেখ করিবেন এবং স্থানীয় কর্তৃপক্ষ যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করত অধিদপ্তরকে জ্ঞাত করিবে।
  - গ. প্রাপ্ত প্রতিবেদনের উপর ভিত্তি করিয়া অধিদপ্তরের এমআইএস ইউনিট নিয়মানুযায়ী নিয়মিত অনুসন্ধান পরিচালনাপূর্বক গর্ভনিরোধক সামগ্রীর অসামঞ্জস্যপূর্ণ বিতরণ সম্পর্কে মহাপরিচালকের নিকট কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ পেশ করিবে।
  - ঘ. জি ও বি, এনজিও ও এসএমসির বিতরণ ব্যবস্থা মনিটরিংয়ের লক্ষ্যে অধিদপ্তরের জ্যেষ্ঠ কর্মকর্তা সমন্বয়ে একটি তদারকি টিম (Vigilance Team) গঠন করা হইবে।
  - ঙ. দ্রব্যসামগ্রীর অপচয় রোধকল্পে এবং সেবা প্রদানকারীদের মধ্যে সচেতনতা গড়িয়া তোলার লক্ষ্যে নিপোর্টের সংশ্লিষ্ট প্রশিক্ষণ ক্যারিকুলামে এই বিষয়টি অন্তর্ভুক্ত করা হইবে।
  - চ. কনডম যাহাতে বেলুন রূপে ব্যবহৃত না হয় সে ব্যাপারে সেবা গ্রহণকারীগণের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাঠ কর্মীগণকে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
  - ছ. কনডম যাহাতে বেলুনরূপে ব্যবহারের জন্য বিক্রয় না হয় সেই ব্যাপারে Social Marketing Company (SMC) সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিবে।
- অপচয় রোধকল্পে গৃহীত উপরোক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হইল।

স্বাক্ষরিত  
(মোঃ সিরাজুল ইসলাম)  
মহাপরিচালক

স্মারক নং: পপঅ/প্রোক-৯৭/১২৯৩(অংশ-১)/৩৩৫৭(১৫)

তারিখ: ০৪-০৯-৯৭ ইং

গর্ভনিরোধক দ্রব্যসামগ্রী অপচয় রোধকল্পে (সিস্টেম লস) বর্ণিত পদপে সমূহ স্ব-স্ব ত্রে কার্যকরী করার অনুরোধ সহকারে অনুলিপি প্রেরিত হইল:

১. মহাপরিচালক, নিপোর্ট, আজিমপুর, ঢাকা।
২. বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
৩. পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল ইউনিট) .....
৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোরস), কেন্দ্রীয় পণ্যাগার, মহাখালী, ঢাকা।
৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), .....
৬. থানা পরিবার পরিকল্পনা অফিসার (সকল), .....
৭. প্রকল্প পরিচালক, কিনিক্যাল সেবা প্রকল্প, বাড়ী নং-৩এ, সড়ক নং ১৫ (নতুন), ধানমন্ডি, ঢাকা।
৮. প্রকল্প পরিচালক, এফপিএলএম/জেএসআই, বাড়ী নং ১৫, সড়ক নং ১০৩, গুলশান, ঢাকা ১২১২।
৯. মহাপরিচালক, বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি, ২ নং নয়াপল্টন, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, এসএমসি, ল্যান্ডমার্ক ভবন, ৪র্থ ও ৫ম তলা, ১২-১৪ গুলশান, নর্থ বাণিজ্যিক এলাকা, ঢাকা ১২১২।
১১. দেশীয় প্রতিনিধি, প্যাথ ফাইন্ডার ইন্টারন্যাশনাল, বাড়ী নং ১৫, সড়ক নং ১৩ এ, ধানমন্ডি, ঢাকা।
১২. নির্বাহী পরিচালক, এফপিএসটিসি, ১০৩ নিউ সার্কুলার রোড, ঢাকা ১২১৭।
১৩. নির্বাহী পরিচালক, পরিবার পরিকল্পনা আত্মনিবেদিতা মহিলা সংস্থা, ১০৮ নং কাকরাইল, ঢাকা।
১৪. ...., আইসিডিডিআরবি, মহাখালী, ঢাকা।
১৫. কমিউনিটি হেলথ কেয়ার প্রজেক্ট, মিরপুর, ঢাকা।

স্বাক্ষরিত

(মোহাম্মদ হাবিবুর রহমান)

পরিচালক (উপকরণ ও সরবরাহ) চলতি দায়িত্ব

স্মারক নং: পপঅ/প্রোক-৯৭/১২৯৩(অংশ-১)/৩৩৫৭(১৫)/১(২)

তারিখ: ০৪-০৯-৯৭ ইং

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হইল:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

স্বাক্ষরিত

(মোহাম্মদ হাবিবুর রহমান)

পরিচালক (উপকরণ ও সরবরাহ) চলতি দায়িত্ব